**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 24-06-2025**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**Literate Tripura :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা গতকাল ত্রিপুরাকে পূর্ণ সাক্ষর রাজ্য হিসেবে ঘোষণা করেছেন। উল্লাস-নব ভারত সাক্ষরতা কর্মসূচির সফল বাস্তবায়নের মাধ্যমে ত্রিপুরা পূর্ণ সাক্ষর রাজ্যের মর্যাদা লাভ করে। আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে বিদ্যালয় শিক্ষা দপ্তরের রাজ্য সাক্ষরতা মিশন কর্তৃপক্ষ আয়োজিত এক অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী এই ঘোষণা দেন। মুখ্যমন্ত্রী বলেন, মিজোরাম এবং গোয়ার পর ত্রিপুরা আজ দেশের তৃতীয় রাজ্য হিসেবে পূর্ণ সাক্ষরতার মর্যাদায় ভূষিত হয়েছে। তিনি বলেন রাজ্য সরকারের লক্ষ্যই হলো আত্মনির্ভর ত্রিপুরা গড়ে তোলা।

#########Byte-CM##########

******************************

**Train services :**

নতুন হাফলং-জাতিঙ্গা লামপুর সেকশনে রেলপথে ভূমিধসের কারণে দক্ষিণ আসাম, ত্রিপুরা, মণিপুর ও মিজোরাম এবং দেশের বাকি অংশের মধ্যে ট্রেন পরিষেবা গতকাল থেকে স্থগিত করা হয়েছে। এনএফআরের প্রধান জনসংযোগ কর্মকর্তা কপিঞ্জল কিশোর শর্মা জানিয়েছেন, রেল যাত্রীদের নিরাপত্তা নিশ্চিত করার জন্য লামডিং-বদরপুর ট্রেন পরিষেবা স্থগিত করতে হয়েছে। তিনি জানান, ওই এলাকায় রাস্তা মেরামতের কাজ চলছে। মণিপুর, মিজোরাম, ত্রিপুরা এবং আসামের বরাক উপত্যকার কিছু অংশের সাথে সংযোগকারী গুরুত্বপূর্ণ রেলপথের যাতে আর কোনও ক্ষতি না হয় সেজন্য জনবল এবং যন্ত্রপাতি ব্যবহার করে যথাযথ সুরক্ষামূলক ব্যবস্থা গ্রহণের জন্য এনএফআর ইতিমধ্যেই এনএইচএআই কর্তৃপক্ষকে চিঠি দিয়েছে।

*************************

**Biplab Kumar Deb :**

সিপাহীজলা জেলার কমলাসাগর বিধানসভা কেন্দ্রের আম্বেদকর আদর্শ উচ্চ বিদ্যালয়ে বিজেপি যুব মোর্চার কমলাসাগর মন্ডল কমিটির উদ্যোগে আয়োজিত "নব স্বপ্নের উড়ান " শীর্ষক এক  সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে ২০২৫ সালের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ ছাত্রছাত্রীদের সংবর্ধনা জানান সাংসদ বিপ্লব কুমার দেব।

*************************

**International Anti-Drug Day :**

আন্তর্জাতিক মাদক বিরোধী দিবস উপলক্ষে গতকাল পশ্চিম জেলা সমাজ শিক্ষা আধিকারিক এবং পশ্চিম জেলা প্রশাসনের উদ্যোগে আগরতলা শহরে এক রেলীর আয়োজন করা হয়। রেলীতে অংশ গ্রহণ করে সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা মন্ত্রী টিংকু রায় ড্রাগের অপব্যবহার এবং অবৈধ পাচার রোধে সকলকে এগিয়ে আসার আহ্বান জানান।

*************************

**Campaign Against Child Labour :**

শিশু শ্রমের বিরুদ্ধে জিরো টলারেন্স নীতির অংশ হিসেবে গতকাল সাব্রুম বাজারে বিশেষ অভিযান চালায় শ্রম দপ্তর ও জেলা শিশু সুরক্ষা ইউনিট। সাব্রুম বাজার এলাকায় বিভিন্ন দোকান, হোটেল ও ক্ষুদ্র ব্যবসায়ী প্রতিষ্ঠানগুলিতে শিশু শ্রমিক রয়েছে কিনা তা পর্যবেক্ষণ করা হয়।

***************************

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৯শে জুন, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে ‘মন-কি-বাত’-এর ১২৩তম পর্ব।

প্রধানমন্ত্রী জনগনকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা ‘মন-কি-বাত’-এ জানানোর আহ্বান জানিয়েছেন। my gov open forum-এ এবং নম: APP-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. 1800-11-7800 নম্বরে কল করে হিন্দি বা ইংরেজিতে মতামত রেকর্ড করানো যাবে। ফোনলাইন এমাসের ২৭ তারিখ পর্যন্ত খোলা থাকবে।

***************************

**DAJBA- Hezamara and Mohanpur :**

ধরতি আবা জনভাগিদারি অভিযানের অংশ হিসেবে গতকাল হেজামারা ব্লকের দারোগামুড়া উচ্চ মাধ্যমিক বিদ্যালয় এবং মোহনপুরের বড়কাঁঠাল ছাত্রাবাসে এক শিবির অনুষ্ঠিত হয়। দুটি শিবিরে মোট ৩৭০ জন অংশগ্রহণ করেন।

***************************

**DAJBA-Santana Chakma :**

ধরতি আবা জনভাগীদারী অভিযান এর অঙ্গ হিসাবে গতকাল ঊনকোটি জেলার পেঁচারথলের নবীনছড়া কমিউনিটি হল প্রাঙ্গণে এক প্রশাসনিক ও স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়। উদ্বোধন করেন শিল্প ও বানিজ্য মন্ত্রী শান্তনা চাকমা। এদিন সুবিধাভোগীদের হাতে নানান সামগ্রী তুলে দেওয়া হয়।

******************************

**Kishori Utkarsha Mancha :**

দুদিন ব্যাপী খোয়াই জেলায় শুরু হয়েছে জেলা ভিত্তিক কিশোরী উৎকর্ষ মঞ্চে একগুচ্ছ প্রতিযোগিতা। গতকাল খোয়াই নতুন টাউন হলে জেলা শিক্ষা দপ্তরের উদ্যোগে আয়োজিতজ এই প্রতিযোগিতার উদ্বোধন করেন বনমন্ত্রী অনিমেষ দেববর্মা। অনুষ্ঠানে জেলার ৪৮টি স্কুলের ৫২০জন ছাত্রী অংশগ্রহণ করে।

*******************************

**Awarness Camp :**

কৈলাশহরের দিব্যাঙ্গ পুনর্বাসন কেন্দ্রে গতকাল প্রাথমিক পর্যায়ে প্রতিবন্ধকতা চিহ্নিতকরণ ও সনাক্তকরণ বিষয়ে সচেতনতামূলক কর্মসূচি অনুষ্ঠিত হয়। অঙ্গনওয়াড়ি ও আশাকর্মীদের নিয়ে এই কর্মসূচির উদ্বোধন করেন কৈলাশহর পুর পরিষদের চেয়ারপার্সন চপলা রাণী দেবরায়। তিনি দিব্যাঙ্গজনদের স্বার্থ সুরক্ষায় সরকারের নানা কর্মসূচির কথা উল্লেখ করেন।

*************************

**Weather :**

আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। আগামী ২৪ ঘন্টায় রাজ্যের বিভিন্ন জেলায় বিক্ষিপ্তভাবে বজ্রবিদ্যুৎ সহ ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করা হয়েছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫ দশমিক ৬ ডিগ্রি সেলসিয়াস।

*************************